

Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 30 June, 2025

রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকা থেকে এইচএসসি পরীক্ষার উদ্দেশ্যে বেরিয়ে নিখোঁজ হওয়া মাহিরা বিনতে মারুফ পুলিশে উদ্ধার করেছে র‌্যাব-৪। নিখোঁজের প্রায় ১৬ ঘণ্টা পর রবিবার (২৯ জুন) রাত ১২টার দিকে সাভার এলাকা থেকে তাকে উদ্ধার করা হয়।

মাহিরা মিরপুর সরকারি বাঙলা কলেজের ছাত্রী। তিনি ভাটারা থানা এলাকার বাসিন্দা। রবিবার সকাল ৮টার দিকে পরীক্ষা দিতে বের হয়ে আর ফেরেননি। পরিবারের উদ্বেগ বাড়তে থাকে, কারণ পরীক্ষার দীর্ঘ সময় পেরিয়ে গেলেও মাহিরা ফেরেননি।

পরীক্ষা কেন্দ্রে খোঁজ নিয়ে জানা যায়, মাহিরা সেদিন পরীক্ষা কেন্দ্রে উপস্থিতই হননি। পরে তার পরিবার ভাটারা থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেন। এরপর বিষয়টি নিয়ে তৎপর হয় আইনশৃঙ্খলা বাহিনী।

রহস্যজনক অপহরণের বর্ণনা দিয়েছেন মাহিরা

র‌্যাবের কাছে মাহিরা জানান,

“পরীক্ষার উদ্দেশ্যে বাসা থেকে বের হওয়ার পর হঠাৎ এক নারীর খপ্পরে পড়ি। সে আমার নাকের কাছে কিছু ছোঁয়ানোর পরই আমি জ্ঞান হারাই। জ্ঞান ফেরার পর দেখি, আমি সাভারের নির্জন জায়গায়।”

তিনি আরও জানান, অচেনা সেই জায়গায় তাকে ড্রেস পরিবর্তনের জন্য পোশাক দেওয়া হয়।

সেই মুহূর্তেই সুযোগ নিয়ে সেখানে থেকে পালিয়ে যান মাহিরা। পরে জঙ্গল পেরিয়ে র্যাব-৪-এর একটি গাড়ি দেখতে পেয়ে তাদের কাছে সাহায্য চান।

র্যাব তাৎক্ষণিকভাবে তাকে উদ্ধার করে এবং পরে স্বজনদের সঙ্গে যোগাযোগ করে রাতে মাহিরাকে পরিবারের কাছে ফিরিয়ে দেয়।

র্যাব-৪ সূত্র জানায়, ঘটনাটি গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে। মাহিরার দেওয়া তথ্যের ভিত্তিতে সম্ভাব্য অপহরণকারী নারী ও স্থান শনাক্ত করার চেষ্টা চলছে।

নিখোঁজ মাহিরা বিনতে মারুফ পুলি এইচএসসি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:43

URL: <https://timestodaybd.com/public/national/3932775807>